

আমরা পরাধীন নই, শুধুই দেশের কথা বলবই...

দেশের আওয়াজ

হটড়া ধানের মাঠ পরিদর্শনে ব্রি'র মহাপরিচালক

Posted on [October 29, 2016](#) by [Deshar Awaj](#)



নিজস্ব প্রতিবেদকঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর মহাপরিচালক ড. ভাগ্য রানী বণিক গত ১৯ অক্টোবর আলীমগঞ্জ, পবা এবং কান্তপাশা, গোদাগাড়ী কৃষকের হটড়া ধানের মাঠ পরিদর্শন করেন এবং কৃষক ও কিসানির সাথে এর আবাদ সম্পর্কে কথা বলেন। তিনি জানান, জাতটির সাফল্য পরীক্ষার পর জাতটিকে ব্যবহার করে ভবিষ্যতে আরও বেশি ফলন পেতে পারি এ বিষয়ে গবেষণা কার্যক্রম হাতে নেয়া হবে।

আমরা পরাধীন নই, শুধুই দেশের কথা বলবই... দেশের আওয়াজ

Posted on [October 29, 2016](#) by [Deshor Awaj](#)



মহাপরিচালকের সাথে আলাপকালে পবার আলীমগঞ্জের কৃষক মোঃ কাবেল বলেন, তিনি আউশ মৌসুমে দুই বিঘা জমিতে হটড়া ধানের চাষ করেছেন। আউশ মৌসুমে জাতটির গড় ফলন বিঘা প্রতি ১২-১৫ মন। জীবনকাল ১২৫-১৩০ দিন এবং চাল মাঝারী মোটা। পবা'র আরেক কৃষক মোঃ শাহজাহান আলী বলেন, আমিও হটড়া জাতটি গত পাঁচ বছর যাবৎ চাষ করছি ফলনও ভাল পাচ্ছি। তিনি আরও বলেন এ জাতটি বোরো মৌসুমেও আবাদ হয় যার গড় ফলন বিঘা প্রতি ১৮-২০ মন। জীবনকাল ১৫-২০ দিন আউশ মৌসুমের তুলনায় বেশী। আরেক কৃষক মোঃ মজিবর রহমান জানান এ জাতটি এবারই তিনি প্রথম চাষ করেন। তবে গত পাঁচ বছর যাবৎ পবা ও গোদাগাড়ী উপজেলার কৃষকরা এ জাতটি চাষ করছে। গোদাগাড়ীর বরেন্দ্রর ভিকারপাড়া কান্তপাশার কিশ্বানি অনিতা মারানঠি বলেন হটড়া জাতটির শিষের গাথুনি বেশ ঘন, ফলনও ভাল হওয়ায় এ জাতটি কৃষকের মাঝে খুব দ্রুত ছড়িয়ে পড়েছে। গত ৪-৫ বছর আগে থেকে এ উপজেলায় এ জাতের আবাদ হচ্ছে। ব্রি আঞ্চলিক কার্যালয়, রাজশাহীর প্রধান মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ রফিকুল ইসলাম, বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ আবু সাঈদ ও বৈজ্ঞানিক সহকারী মোঃ নাজমুল হোসাইন নাজু কৃষক মাঠ পরিদর্শনের সময় উপস্থিত থেকে হটড়া ধানের বীজ সংগ্রহ করেন।